অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/5/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল কর্মক্ষেত্রের জন্য অভীষ্ট 343 মিলিয়ন ডলার চাইল্ড কেয়ার প্রদানকারীদের অনুদানের জন্য আবেদন প্রক্রিয়া শুরু হওয়ার ঘোষণা করলেন

নিউ ইয়র্ক স্টেট ফেডারেল আমেরিকান উদ্ধার পরিকল্পনা আইনের (American Rescue Plan Act) এবং করোনাভাইরাস সাড়াদান ও ত্রাণ সম্পূরক প্রযোজনা আইন (Coronavirus Response and Relief Supplemental Appropriations Act) দ্বারা অর্থায়িত স্থিতিশীলকরণ অনুদানের (Stabilization Grants) দ্বিতীয় রাউন্ড দিয়ে চাইল্ড কেয়ার প্রদানকারীদের সরাসরি সমর্থন করছে

গভর্নর ক্যাথি হোকল ঘোষণা করলেন যে আজকে থেকে 343 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিলের জন্য আবেদন শুরু করা যাবে যা সরাসরি চাইল্ড কেয়ার প্রদানকারীদের জন্য লাভজনক হবে এবং শিল্পটিকে স্থিতিশীল করতে সাহায্য করে যাবে। নিউ ইয়র্ক স্টেট শিশু ও পরিবার পরিষেবা অফিস (Office of Children and Family Services, OCFS) এই তহবিল পরিচালনা করছে।

"স্থিতিশীলকরণ তহবিলের এই দ্বিতীয় রাউন্ড একটি গুরুত্বপূর্ণ সুযোগ ও বিনিয়োগের প্রতিনিধিত্ব করে যা চাইল্ড কেয়ার খাতকে কর্মীবাহিনীর সমর্থনের জন্য নির্দিষ্ট বিনিয়োগ দ্বারা আরো স্থিতিশীল করতে সাহায্য করবে," **গভর্নর হোকল বলেন।** "চাইল্ড কেয়ার প্রদানকারীদের জন্য নতুন এই অনুদানগুলি তাদের অবকাঠামোকে আরো জোরদার করবে এবং তাদের কর্মীবাহিনীকে আরো সমর্থন করবে, যারা আমাদের সন্তানদের সমর্থনে সর্বদা অতি গুরুত্বপূর্ণ ছিলো এবং এখনো আছে।"

উপযুক্ত সেবাদানকারীদের অবশ্যই OCFS লাইসেন্সপ্রাপ্ত বা নিবন্ধিত চাইল্ড কেয়ার কর্মসূচি, নিউ ইয়র্ক সিটির অনুমতিপ্রাপ্ত গ্রুপ ডে কেয়ার বা নথিভুক্ত বৈধভাবে ছাড়প্রাপ্ত গ্রুপ চাইল্ড কেয়ার কর্মসূচি (নথিভুক্তকরণ এজেন্সির সাথে নথিভুক্ত) হতে হবে। সেবাদানকারী ধরনের উপর ভিত্তি করে আবেদন করার দুইটি সময়কাল থাকবে: যারা স্থিতিশীলকরণ অনুদানের প্রথম রাউন্ড পেয়েছে তাদের জন্য 5 জুলাই এবং সকল স্কুলে যাওয়ার বয়সী চাইল্ড কেয়ার কর্মসূচির জন্য এবং স্থিতিশীলকরণ অনুদানের প্রথম রাউন্ড শুরু হওয়ার পর লাইসেন্স পাওয়া নতুন সেবাদানকারীদের জন্য 22 আগস্ট।

চাইল্ড কেয়ার কর্মীবাহিনীকে সমর্থন নিয়োগ ও ধরে রাখার প্রচেষ্টায় সহায়তা করতে, এই তহবিলের কমপক্ষে 75 শতাংশ অন্যান্য অতিরিক্ত আইটেমের সাথে নিচের কাজে ব্যবহার করতে হবে:

- বোনাস বা বেতন বৃদ্ধি
- স্বাস্থ্যবীমার খরচের প্রতি অংশ প্রদান যাতে কর্মীদের জন্য এই খরচ হ্রাস পায়
- কর্মীদের অবসর পরিকল্পনায় অংশ প্রদান যা কোনও চাকরিদাতার প্রদত্ত অংশের সম্পূরক হবে
- সম্পূরক শিক্ষাগত অগ্রগতি বা টিউশন ফেরত প্রদান
- কর্মীদের জন্য মানসিক স্বাস্থ্য সমর্থন এবং সেবা

অবশিষ্ট 25 শতাংশ বাকি উপযুক্ত খরচের জন্য ব্যবহার করা যাবে। এই অনুদানের ব্যাপারে আরো তথ্য পাওয়া যাবে এখানে।

OCFS-র কমিশনার শিলা জে. পুল বলেন, "OCFS চাইল্ড কেয়ার প্রদানকারীদের কথা জোরালো এবং স্পষ্টভাবে শুনে যাচ্ছি। আমরা চাইল্ড কেয়ার শিল্পের কর্মীবাহিনীর উপর কেন্দ্রস্থ এই তহবিল পরিচালনা করতে পেরে সম্মানিত হয়েছি। এই কর্মীরা আমাদের সম্প্রদায়ের সবথেকে কঠিন এবং কাজগুলির কিছু করে থাকে, এবং এই সমর্থন অনেক আগেই পাওয়া উচিত ছিলো।"

আবেদন করার প্রক্রিয়াকে সহজ সরল করতে, সেবাদানকারীরা একটি একক অনলাইন আবেদনপত্রের মাধ্যমে আবেদন করবে। চাইল্ড কেয়ার রিসোর্স এবং রেফারেল এজেন্সিগুলি (Child Care Resource and Referral Agency) চাইল্ড কেয়ার প্রদানকারীদের অনলাইনে আবেদনপত্র পূরণ করতে কারিগরি সহায়তা প্রদান করবে। এজেন্সির সাথে যোগাযোগের তথ্যের জন্য অনুগ্রহ করে এখানে ক্লিক করুন। সেবাদানকারীদেরকে যোগ্যতার ব্যাপারে আরো বিস্তারিত জানার জন্য অনুদানে আগ্রহের বিবৃতি (Statement of Grant Interest) যত্নসহকারে পর্যালোচনা করে দেখার উৎসাহ প্রদান করা হচ্ছে।

আবেদনপত্র উপলভ্য থাকবে এখানে , 5 জুলাই থেকে শুরু হয়ে 30 নভেম্বর, 2022 তারিখ পর্যন্ত।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418